

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
বীর উত্তম এ, কে খন্দকার রোড
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০১২.১৪.১৭৪.১৯.৫৩১


তারিখঃ ১৩ অগ্রহায়ন, ১৪২৬
২৮ নভেম্বর, ২০১৯

বিষয়ঃ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের কাবিটা ও টিআর কর্মসূচি খাতের অর্থে দুর্যোগ সহনীয় বাসগৃহে সোলার হোম সিস্টেম স্থাপন সংক্রান্ত।

সূত্রঃ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের স্মারক নং-৫১.০০.০০০০.৪২২.১৪.০১০.১৯.৪২৭, তারিখঃ-২৬/১১/২০১৯খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের কাবিটা ও টিআর কর্মসূচি খাতের বিশেষ অর্থে সারাদেশে গত ২০১৮-২০১৯ অর্থ বছর হতে দুর্যোগ সহনীয় বাসগৃহ নির্মাণ কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। উক্ত কর্মসূচির আওতায় গত ২০১৮-২০১৯ অর্থ বছরে সারাদেশে ১১,৬০৪টি গৃহ নির্মাণ কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। চলতি ২০১৯-২০২০ অর্থ বছরে এ পর্যন্ত মোট ১৬,২২১টি বাসগৃহ নির্মাণের জন্য অর্থ ছাড় করা হয়েছে। সুত্রোক্ত পত্রে সারাদেশে নির্মিত দুর্যোগ সহনীয় বাস গৃহের উপকারভোগীদের নিরাপত্তা ও দৈনন্দিন বিদ্যুৎ সুবিধা প্রদানের লক্ষ্যে বর্তমান ২০১৯-২০২০ অর্থ বছরে কাবিটা ও টিআর কর্মসূচির আওতায় সোলার খাতের বরাদ্দ হতে নির্মিত দুর্যোগ সহনীয় বাসগৃহ সমূহে সোলার হোম সিস্টেম স্থাপনের নির্দেশনা প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, ২০১৯-২০২০ অর্থ বছরের কাবিটা ও টিআর কর্মসূচির আওতায় সোলার খাতের বরাদ্দ হতে চলতি অর্থ বছরে নির্মিত দুর্যোগ সহনীয় বাসগৃহ সমূহে সোলার হোম সিস্টেম স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


২৬.১১.২০১৯

(মোঃ আবু বকর সিদ্দিক)
(যুগ্মসচিব)
পরিচালক (কাবিটা)
ফোনঃ ৯৮৮৬১১১৩।


জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা.....(সকল)

স্মারক নং- ৫১.০১.০০০০.০১২.১৪.১৭৪.১৯.৫৩১

তারিখঃ ১৩ অগ্রহায়ন, ১৪২৬
২৮ নভেম্বর, ২০১৯

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

- ০১। বিভাগীয় কমিশনার.....(সকল)।
- ০২। জেলা প্রশাসক.....(সকল)।
- ০৩। পরিচালক (মুওপ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ০৪। কম্পিউটার প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর। (বরাদ্দপত্রটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ০৫। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উপজেলা....., জেলা-চাঁপাইনবাবগঞ্জ।
- ০৬। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।


২৮/১১/২০১৯

(মোঃ মনিরুজ্জামান)
(উপসচিব)
উপপরিচালক (কাবিটা-১)
ফোনঃ ৯৮৮৬৪৭৩